

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.০২৭.০৮.৪২.০৪২.২০১৫- ৮১৭

তারিখঃ ১১/০৭/২০১৬


বিষয়ঃ সোনারগাঁ উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আজহারুল ইসলাম মান্নান এর অনুপস্থিতি ও মামলার অভিযোগ আদালত কর্তৃক গৃহিত হওয়া প্রসঙ্গে।

সূত্রঃ ভাইস চেয়ারম্যান, সোনারগাঁ উপজেলা পরিষদের ২১/০৬/২০১৬ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে জনাব মোঃ শাহ আলম মিয়া, ভাইস চেয়ারম্যান, সোনারগাঁ উপজেলা পরিষদ হতে প্রাপ্ত আবেদনের ছায়ালিপি (সংলগ্নীসহ) এসাথে প্রেরণ করা হলো। আবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ আজহারুল ইসলাম মান্নান, চেয়ারম্যান, সোনারগাঁ উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে দায়েরকৃত সোনারগাঁ থানার মামলা নং-৪(১২)১৩, তারিখ-০৭/১২/২০১৩, মামলা নং-৭(১)১৪, তারিখ-০৪/০১/২০১৪, মামলা নং-৮(১)২০১৫, তারিখ-০৫/০১/২০১৫ এবং মামলা নং ২০(১)২০১৫, তারিখঃ ১২/০১/২০১৫ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁকে গত ১৬/০২/২০১৬ তারিখের ৩২৭নং প্রজ্ঞাপনমূলে সাময়িক বরখাস্ত করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের বিরুদ্ধে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৩৯৪৫/২০১৬ দায়ের করেছেন। উক্ত রীটের উপর ০৩ (তিন) মাসের স্থগিতাদেশ রয়েছে।

এমতাবস্থায়, আবেদনে বর্ণিত সোনারগাঁ উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আজহারুল ইসলাম মান্নান এর বিরুদ্ধে সোনারগাঁ থানার মামলা নং- ৩৯(১১)১৩ ও মামলা নং- ৪০(১১)১৩ এর অভিযোগপত্র অথবা অন্য কোন মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে কি-না তার সার্টিফাইড কপিসহ তথ্যাদি এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে পৃষ্ঠা।


১১/০৭/১৬
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail:

lgd.upazila2@gmail.com

জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ

অনুলিপিঃ

১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।